গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

**জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৩ জুন ২০২১ |
| সময় | : | দুপুর ১২:০০ টা |
| স্থান | : | সভা কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটিকে আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ প্রত্যেককে যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং দপ্তর ও সংস্থা প্রধানদের সক্রিয় ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।

২. বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রভাব সারাবিশ্বের ন্যায় বাংলাদেশেও পড়েছে। সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় এবং সময় উপযোগী সিদ্ধান্তের কারনে করোনা ভাইরাসের প্রথম এবংদ্বিতীয় ধাপ সফলতার সাথে মোকাবেলা করা সম্ভব হয়েছে। ফলশ্রুতিতে দেশের জনসাধারন করোনা ভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর হার অনেকাংশে হ্রাস পেয়েছে। বিশ্ব দরবারে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জল হয়েছে। জিডিপিতে ও এর প্রভাব পড়েছে। এ কারণে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নে কিছু পরিবর্তন আনা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক জননিরাপত্তা বিভাগের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অত্র কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং আওতাধীন দপ্তর/সংস্থা ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা চুড়ান্ত করে যথাসময়ে জননিরাপত্তা বিভাগে প্রেরণসহ স্বস্ব ওয়েবসাইটে আপলোড করতে সকল দপ্তর/সংস্থা প্রধানকে নির্দেশনা প্রদান করা হয়।

৩. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে নিজ নিজ দপ্তর/সংস্থার তথ্য বাতায়নে হালনাগাদ তথ্য (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ, প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কমিটি ও দপ্তর/সংস্থাসমূহের নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করাসহ কমিটির সংশ্লিষ্ট সদস্যদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে পুলিশ অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করণের লক্ষ্যে একাধিক সভায় মৌখিকভাবে অনুরোধ জানানো হলেও উক্ত তথ্য বাতায়নটি হালনাগাদ করা হয়নি। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে এনটিএমসির তথ্য বাতায়নও হালনাগাদ নাই। অদ্যকার সভায় পুলিশ অধিদপ্তর ও এনটিএমসি এর তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য পুলিশ অধিদপ্তর ও এনটিএমসিকে পুনরায় অনুরোধ জানানো হয়।

৩. অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)' সভায় জানান যে, জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদান চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বাস্তবায়নের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ সচেষ্ট রয়েছে। নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ তথ্য (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। অতিরিক্ত সচিব আরো জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক জননিরাপত্তা বিভাগের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ খসড়াটির বিভিন্ন ক্রমিকে সংশোধন আনয়নের জন্য নির্দেশনা প্রদান করে। সে মোতাবেক খসড়াটি পুনরায় সংশোধন করে একটি খসড়া প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ের উপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে একমত পোষন করা হয়।

৫. সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের সদস্যবৃন্দ পৃথক পৃথকভাবে তাদের দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন ও বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। ২০২০-২০২১ অর্থবছরে জননিরাপত্তা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে ঐকমত পোষণ করেন এবং যথাসময়ে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

৬. সিদ্ধান্তসমূহ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৬.১ | জননিরাপত্তা বিভাগের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার চূড়ান্ত খসড়া নৈতিকতা কমিটির সভায় অনুমোদন দেওয়া হলো। কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে। এছাড়া, জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনা যথাসময়ে এ বিভাগে দাখিল এবং স্বস্ব ওয়েবসাইটে আপলোড করবে। | আহ্বায়ক শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কমিটি |
| ৬.২ | নৈতিকতা কমিটির সভায় এ পর্যন্ত গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগ এবং আওতাধীন দপ্তর ও সংস্থার কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল যথাযথভাবে দায়িত্ব পালন করবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৩ | নিজ নিজ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনের নিমিত্ত নৈতিকতা কমিটির সদস্য হিসেবে জননিরাপত্তা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির কোয়ার্টারভিত্তিক প্রতিটি সভায় উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বর্ণিত কার্যক্রমের বিপরীতে নির্ধারণকৃত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে এ বিভাগের সকল অনুবিভাগের সম্পৃক্ততা থাকায় নিজ নিজ উইংয়ের সাথে সম্পৃক্ত টার্গেটসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল অনুবিভাগ প্রধানগণ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অনুবিভাগ প্রধান (সকল) |
| ৬.৫ | মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুসরণ পূর্বক জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম সম্পন্ন করবে। | জননিরাপত্তা বিভাগ শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি |
| ৬.৬ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ তথ্য (update) করতে হবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৬.৭ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে পুলিশ অধিদপ্তর এবং এনটিএমসির তথ্য বাতায়ন আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো এবং এ বিষয়ে তাদেরকে পত্র প্রেরণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও পুলিশ অধিদপ্তর/ এনটিএমসি |
| ৬.৮ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক নিয়মিতভাবে স্ব স্ব দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান অব্যাহত রাখবে। | অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |

৭. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে তাঁদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৬/২১

মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নং-৪৪.০০.০০০০.০২১.৯৯.০০২.১৯-০০২.২০২০- ১৫৩

তারিখ: ০২ আষাঢ় ১৪২৮ / ১৬ জুন ২০২১

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব..........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৮। উপসচিব (আইন-২/আইসিটি সেল/পুলিশ-৩/সীমান্ত-৩/বাজেট-১/রাজনৈতিক-১/পরিকল্পনা-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি)।
৯। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা {(সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি) সভার কার্যবিবরণীটি শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো}।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৬/০৬/২০২১


আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd